

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৫০৯

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ৪. তৃতীয় অনুচ্ছেদ - ছবি সম্পর্কে বর্ণনা

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ أَشَدَّ النَّاسِ عَذَابًا يَوْمَ الْقَيَامَةِ مَنْ قَتَلَ نَبِيًّا أَوْ قَتَلَهُ نَبِيُّ أَوْ قَتَلَ أَحَدَ وَالدَيْهِ وَالْمُصَوِّرُونَ وعالم لم ينْتَفع بِعِلْمِهِ»

বাংলা

৪৫০৯-[২১] 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কিয়ামতের দিন সবচেয়ে কঠিন 'আযাব হবে সে ব্যক্তির যে কোন নবীকে কতল করেছে অথবা কোন নবী যাকে কতল করেছেন। অথবা যে ব্যক্তি তার পিতা বা মাতার মধ্যে কাউকে কতল করেছে। আর ছবি প্রস্তুতকারীদের এবং ঐ 'আলিম যে নিজের 'ইলম হতে উপকৃত হয় না ('আমল করে না)।[1]

ফুটনোট

[1] অত্যন্ত দুর্বল (ضعیف جدا) : হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে আছে 'আবদুর রহীম, ইনি হাম্মাদ আস্ সাকাফী-এর ছেলে। এ বর্ণনাকারী (وَاوَ) অত্যন্ত দুর্বল। বিস্তারিত দেখুন- ১৬১৭, ৪/১২১।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (إِنَّ أَشَدَّ النَّاسِ عَذَابًا يَوْمَ الْقِيَامَةِ مَنْ قَتَلَ نَبِيًّا) किয়ামতের দিন সবচেয়ে কঠিন শান্তি হবে তাদের যারা নবীকে হত্যা করেছে অথবা যাকে নবী আল্লাহর রাস্তায় যুদ্ধে হত্যা করেছে। যেমনটি অন্য বর্ণনা আছে- اَشْتَدُّ صُولُ اللهِ فِي سَبِيلِ اللهِ আল্লাহ আলাইতি ত্রাসাল্লাম আল্লাহর রাস্তায় যুদ্ধে হত্যা করেছে। যাকে রসূল সাল্লাল্লাহু আলাইহি ত্রাসাল্লাম আল্লাহর রাস্তায় যুদ্ধে হত্যা করেছে।

ইমাম নাবাবী (রহিমাহুল্লাহ) বলেনঃ 'ফী সাবীলিল্লা-হ' দ্বারা তাদেরকে বাদ দেয়া হয়েছে যাদেরকে তিনি হত্যা করেছেন শাস্তি প্রয়োগ অথবা ক্বিসাসের কারণে। কেননা যাকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হত্যা করেছেন সেও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে হত্যা করতে ইচ্ছুক ছিল।'



(أَوْ قَتَلَ أَحَدَ وَالِدَيْهِ) অথবা যে পিতামাতার কোন একজনকে হত্যা করেছে।

(وَالْمُصنَوِّرُونَ) এবং ছবি অঙ্কনকারীগণ। (মিরক্কাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন